উপজেলা পরিষদ কার্যালয়
বোয়ালখালী, চট্টগ্রাম
www.boalkhali.chittagong.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# বোয়ালখালী উপজেলা পরিষদের মার্চ ২০২২-তে অনুষ্ঠিত ৩২তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আলহাজ্ব মোঃ নুরুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম। |
| সভার ধরণ | ঃ | "Zoom cloud meeting app" এর মাধ্যমে আয়োজিত সভা |
| সভার তারিখ ও সময় | ঃ | ৩১ মার্চ ২০২২, বেলা ১০.৩০ ঘটিকা |
| সভায় উপস্থিতি/ অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভার সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), বোয়ালখালীকে অনুরোধ জানান। সভার শুরুতে বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর পর্যায়ক্রমে বিভাগ ভিত্তিক আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাবৃন্দকে অনুরোধ জানান।

| ক্রম | বিভাগ/ সংস্থার নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। পাশাপাশি করোনার ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে জানিয়ে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার বোয়ালখালী |
| ০২. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। তবে বুরো মৌসুমে ১৯০০ হেক্টর চাষাবাদের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। বর্তমানে রাসায়নিক সারের কোন সংকট নেই। অনাবাদী জমিগুলোকে চাষাবাদের আওতায় আনার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করা হয়। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার বোয়ালখালী |
| ০৩. | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের ২৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে জেলা কনডেমনেশন কমিটির সুপারিশক্রমে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা এর স্মারক নং-১৫২, তারিখ-১৫/০৩/২০২২খ্রি মূলে ভবনসমূহ কনডেমড় ঘোষণা করে বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক নিলামে বিক্রির প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হয়। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক কনডেমড়কৃত ভবনগুলো নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুমোদনের বিষয়ে সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত নিলাম কমিটি গঠিত হয়-<br>১. উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী — সভাপতি<br>২. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী — সদস্য<br>৩. সহকারী কমিশনার (ভূমি), বোয়ালখালী — সদস্য<br>৪. উপজেলা কৃষি অফিসার, বোয়ালখালী — সদস্য<br>৫. উপজেলা শিক্ষা অফিসার, বোয়ালখালী — সদস্য<br>৬. চেয়ারম্যান, পোপাদিয়া ইউপি, বোয়ালখালী — সদস্য<br>৭. উপজেলা প্রকৌশলী, বোয়ালখালী — সদস্য সচিব<br><br>**তিনি আরো জানান যে,** ফুলতল-কানুনগোপাড়া-অলি বেকারী-লালার হাট জিসি সড়কের চেইনেজ ২০২০মিঃ এ ধ্বসে যাওয়া এপ্রোচ এর কারণে যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে এপ্রোচটি মেরামত পূর্বক যোগাযোগ ব্যবস্থা সচল করতে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মৌখিক নির্দেশনার ভিত্তিতে ৩১৪১৯৮.৬৪ টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে জানিয়ে তা বাস্তবায়নের সকলের সহযোগিতা কামনা করে সভার সভাপতি মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নোক্ত প্রকল্পটি বাস্তবায়নের অনুমোদন করা হয়। | (।) আলোচনান্তে, কনডেমড়কৃত ভবনগুলো নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য গঠিত কমিটিকে অনুরোধক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(।।) উল্লেখিত জনগুরুত্বপূর্ণ প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ বোয়ালখালী, উপজেলা নির্বাহী অফিসার বোয়ালখালী, উপজেলা প্রকৌশলী বোয়ালখালী। |

<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ/<br>সংস্থার নাম</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০৪.</td><td>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ</td><td>
<table>
<tr><th>ক্রম.</th><th>প্রকল্পের নাম</th><th>ব: পরিমাণ</th></tr>
<tr><td>০১.</td><td>ফুলতল-কানুনগোপাড়া-অলি বেকারী-লালার হাট জিসি সড়কের চেইনেজ ২০২০মি: এ ধ্বসে যাওয়া এপ্রোচ মেরামত</td><td>৩,১৪,১৯৪.৬৪</td></tr>
</table>
তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় মোতায়েনকৃত আনসার সদস্যদের জন্য আস্ত্রাগার/গোলাবারুদ রাখার স্থান ও আবাসনের বিভিন্ন উন্নয়ন কাজ সম্পন্ন করার লক্ষ্যে ১৯৮০০০/- টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। প্রকল্পটি নিম্নরুপ-
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দকৃত অর্থ</th></tr>
<tr><td>০১.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় মোতায়েনকৃত আনসার সদস্যদের জন্য আস্ত্রাগার/গোলাবারুদ রাখার স্থান ও আবাসনের উন্নয়ন</td><td>=১,৯৮,০০০/-</td></tr>
</table>
এছাড়া তিনি আরো জানান যে, উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির সিদ্ধান্তক্রমে অতীব জরুরী ও জনগুরুত্বপূর্ণ বিবেচনায় ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি হতে প্রাপ্ত বরাদ্দের প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প তালিকাটি সভায় উপস্থাপন করা হয় এবং তা সভায় অনুমোদনের জন্য সভার সভাপতি মহোদয়কে অনুরোধ করা হয়। সংযুক্তি- প্রকল্প তালিকা-খ।
</td><td>(।।।) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় মোতায়েনকৃত আনসার সদস্যদের জন্য আস্ত্রাগার/গোলাবারুদ রাখার স্থান ও আবাসনের উন্নয়ন প্রকল্পটি অনুমোদন করা হয় এবং উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(।V) সংযুক্তি ''প্রকল্প তালিকা- খ'' সভায় অনুমোদন করা হয় এবং গৃহিত প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>০৫.</td><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বোয়ালখালী জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। তবে আগামী ঈদ উল আযহায় যাতে কোরবানির পশুর সংকট না হয় সেদিকে লক্ষ্য রেখে খামারী ও প্রান্তিক পর্যায়ের কৃষকদের পশু মোটা তাজাকরণে উদ্বুদ্ধকরণসহ চিকিৎসা সহায়তা প্রদান করা হচ্ছে বলে জানান।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রালিসম্পদ অফিসার বোয়ালখালী</td></tr>
<tr><td>০৬.</td><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়া ভিজিডি ২০২১-২২ চক্রের খাদ্যের বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ইতোমধ্যে বিতরণ কাজও শুরু হয়েছে বলে জানান।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার বোয়ালখালী</td></tr>
<tr><td>০৭.</td><td>বিভাগীয় আলোচনা</td><td>উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তারা সভায় অনলাইনে সংযুক্ত হয়ে জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। এছাড়া করোনা নিয়ন্ত্রণে সময়ে সময়ে সরকার নির্দেশিত পরিপত্রের নির্দেশনা বাস্তবায়ন এবং প্রণোদনা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট যাবতীয় কাজ নিষ্ঠার সাথে পালন করা হচ্ছে বলে জানান।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>বিভাগীয় প্রধান (সকল) বোয়ালখালী</td></tr>
<tr><td rowspan="2">০৮.</td><td rowspan="2">বিবিধ</td><td>(ক) চেয়ারম্যান, ৬নং পোপাদিয়া ইউপি জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'র অর্থায়নে আজকের সভায় যে প্রকল্পগুলো অনুমোদিত হয়েছে তা দ্রুত বাস্তবায়নে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে সভার সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।</td><td>২০২১-২০২২ অর্থ বছরের এডিপি হতে গৃহিত প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী বোয়ালখালী ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>(খ) সভার উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) জনাব তাহমিনা আক্তার জানান যে, জনাব শওকত হোসাইন, সাঁট মুদ্রাক্ষরিক কাম-সিও, উপজেলা পরিষদ, বোয়ালখালী পবিত্র ওমরাহ পালনে উদ্দেশ্যে আগামী ২০/০৪/২০২২খ্রি. তারিখ হতে ০৮/০৫/২০২২খ্রি. তারিখ পর্যন্ত বহিঃ বাংলাদেশ ভ্রমনের অনুমতি চেয়ে ছুটি ভোগের আবেদন করেন। এ বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়।</td><td>পবিত্র ওমরাহ পালনের উদ্দেশ্যে জনাব শওকত হোসাইনকে আগামী ২০/০৪/২০২২খ্রি. তারিখ হতে ০৮/০৫/২০২২খ্রি. তারিখ পর্যন্ত বিধি মোতাবেক বহিঃ বাংলাদেশ ভ্রমনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ বোয়ালখালী/ উপজেলা নির্বাহী অফিসার বোয়ালখালী</td></tr>
</table>

| | | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | **তিনি আরো জানান যে,** উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও অডিটোরিয়াম নির্মাণে সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে ভবনসমূহ কনডেমড্ ঘোষণা করে বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক নিলামে বিক্রির প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। সেলক্ষ্যে বিদ্যমান অফিসগুলো সরিয়ে নিতে ইতোমধ্যে চিঠি ইস্যু করা হয়েছে। এমতাবস্থায়, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন নির্মাণে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া উপজেলা পরিষদের ০৮ মে, ২০১৩ সালে অনুষ্ঠিত ৪৭তম সভার সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদের সম্মুখে সিড়ির নিচের নির্মিত ফটোকপি দোকানটি বর্তমানে ভাঙ্গা পড়ার কারণে বরাদ্দ পাওয়া জনাব শওকত হোসাইন, পিতা- আবদুল হালিম, সাং- পূর্ব গোমদন্ডী উপজেলা পরিষদের কম্পোউন্ড এর মধ্যে আরেকটি ফটোকপিয়ার দোকান বা খালি জায়গা বরাদ্দ প্রদানের অনুরোধ জানিয়ে একটি আবেদন করেন বলে জানান। এ বিষয়ে মতামত প্রদানে সভার সদস্যদের অনুরোধ জানান।<br>**উপজেলা কৃষি অফিসার, বোয়ালখালী জানান যে,** অনেক সরকারী দপ্তরের নিজস্ব ফটোকপিয়ার মেশিন নাই। সরকারী দপ্তরের জরুরী ও গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো পরিষদের কম্পাউন্ড এর বাইরে গিয়ে করাও নিরাপদ নয়। তাই পূর্বের ন্যায় সরকারী দপ্তরের প্রয়োজনীয় কাগজপত্রাদি কম মূল্যে ফটোকপি করার শর্তে উপজেলার পরিষদের কম্পাউন্ড এর মধ্যে কোন সুবিধাজনক জায়গায় বরাদ্দ প্রদান করা যেতে পারে বলে মতামত প্রদান করেন। এ বিষয়ে কয়েকটি সরকারী দপ্তর প্রধান একমত পোষণ করেন। | উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও অডিটোরিয়াম নির্মাণের লক্ষ্যে নির্ধারিত তারিখের মধ্যে উল্লেখিত সকল স্থাপনা খালি করে দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধি ও সরকারী দপ্তরের প্রয়োজনীয় কাগজপত্রাদি কম মূল্যে ফটোকপি করার শর্তে উপজেলা পরিষদের ৩নং গেইট সংলগ্ন খালি জায়গাটিতে সম্পূর্ণ নিজ খরচে সংস্কারপূর্বক =৫০০/- টাকা ভাড়া প্রদান সাপেক্ষে আবেদনকারী জনাব শওকত হোসাইন, পিতা- আবদুল হালিম, সাং- পূর্ব গোমদন্ডী, বোয়ালখালী পৌরসভাকে অস্থায়ীভাবে বরাদ্দ দেয়ার ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>বোয়ালখালী/<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বোয়ালখালী<br>ও<br>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| | বিবিধ | **গ) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব শামীম আরা বেগম সংযুক্ত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন,** মহিলাদের উন্নয়ন ও সাবলম্বী করতে বর্তমান সরকার নানান উদ্যোগ গ্রহণ করেছেন। ইতোমধ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে মোট উন্নয়ন প্রকল্পের ৩% নারী উন্নয়ন ফোরামের মাধ্যমে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এ ধারাবাহিকতায় উপজেলার সকল ইউনিয়ন হতে অস্বচ্ছল ও বিধবা মহিলাদের সাবলম্বী করতে প্রকল্প গ্রহনে সংশ্লিষ্ট সকলে সহযোগিতা কামনা করেন। এছাড়া উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বক্তব্য শেষ করেন। | অস্বচ্ছল ও বিধবা মহিলাদের সাবলম্বী করতে নারী উন্নয়ন ফোরামকে কার্যকরী ভূমিকা পালনের অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সভাপতি<br>উপজেলা নারী উন্নয়ন ফোরাম<br>বোয়ালখালী |
| | | **(ঘ) উপজেলা ভাইস চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা এস. এম. সেলিম সংযুক্ত সকলকে সালাম জানিয়ে বলেন,** উপজেলা পরিষদের স্ব-স্ব দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চলমান রয়েছে। তবে জনগণের দোরগোড়ায় তাদের কাঙ্খিত সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে আরো আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। এছাড়া জঙ্গীবাদ, বাল্য বিবাহ ও মাদক প্রতিরোধে জনপ্রতিনিধিগনের পাশাপাশি বোয়ালখালীতে কর্মরত সরকারি সকল দপ্তরকে এগিয়ে আসার আহ্বান করা হয়। | জঙ্গীবাদ, বাল্য বিবাহ ও মাদক প্রতিরোধে সরকারি সকল দপ্তরকে এগিয়ে আসার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় প্রধান<br>উপজেলা পরিষদ<br>বোয়ালখালী |
| | | **(ঙ) উপজেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল আলম** সংযুক্ত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি সভায় জানান যে, উপজেলা পরিষদের ডরমেটরি ও আবাসিক ভবন নির্মাণের জন্য তৎকালীন এল.এ মামলা নং ১৪৮/৮২-৮৩ মূলে ১.২৪ একর জায়গা একোয়ার করা হয়। সে মোতাবেক সেখানে উপজেলা পরিষদের একটি ডরমেটরি, ২টি স্ট্যাফ কোয়ার্টার, ১টি অফিসার্স কোয়ার্টার নির্মাণ করা হয় এবং তিন সাইডে বাউন্ডারি ওয়াল স্থাপন করা হয়। কোয়ার্টারের দক্ষিণ পাশে অর্থাৎ কানুনগোপাড়া সড়ক সংলগ্ন কিছু অংশ জায়গা থেকে কোয়ার্টারের অংশ ভরাট করার জন্য মাটি উত্তোলন করায় সেখানে নালা/ডোবার সৃষ্টি হয়। পরবর্তীতে উল্লেখিত জায়গার পাশে বাউন্ডারি ওয়াল না থাকায় সৃষ্ট নালা/ডোবায় ময়লা-আবর্জনা ফেলে কোয়াটারের পরিবেশ দূষনের পাশাপাশি রাস্তার পার্শ্ববর্তী জায়গা হওয়ায় ফুট-পাতের হকাররা দখল করে রাখে। এমতাবস্থায় তৎকালীন উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শামসুল আলম চৌধুরী সাহেব উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদের ২৩/০৫/১৯৮৭ সালের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা ও ইউনিয়ন পরিষদ সম্পত্তি ব্যবস্থাপনা নীতিমালা | উপজেলা পরিষদের স্বার্থ রক্ষায় উল্লেখিত মামলাটি পরিচালনায় সহযোগিতা করার জন্য বিজ্ঞ এডভোকেট আহমদ সাইফুদ্দিন সিদ্দিকী, কক্ষ নং- ৪০২৭, আইনজীবী এনেক্স ভবন-২, কে অনুমোদন করা হয় এবং মামলাটি পরিচালনা বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>বোয়ালখালী<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বোয়ালখালী,<br>চট্টগ্রাম। |

| | | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | এবং স্থানীয় সরকার (তৃতীয় সংশোধনী) অধ্যাদেশ এর ৩৯ ধারার পরিষদের সম্পত্তি (২) এর আওতায় আর.এস ৪৯৮২/৮৯৮৩, ৬৩২৬, ৬৩২৭, ৬৩২৮ নং দাগের আন্দরে ১০.০০ শতক জায়গা উপজেলা পরিষদের স্মারক নং- ১৫৫ (৩০/০৬/১৯৮৭) মূলে ইজারা দেয়ার বিজ্ঞপ্তির আহ্বান করা হয় এবং সকল বিধি-বিধান অনুসরণ করে সর্বোচ্চ ইজারাদাতা হিসেবে জনাব মোঃ নুরুল আমিন চৌধুরী ইজারা প্রাপ্ত হলে তার সাথে মাত্র ছয় বছর মেয়াদী একটি চুক্তিপত্র করা হয়। কিন্ত এল.এ মামলা নং ১৪৮/৮২-৮৩ মূলে ১.২৪ একর জায়গায় মধ্যে সামান্য কিছু জায়গা কালী পদ দাশ, পিতা- মৃত সারদা চরণ দাশের থাকায়, তিনি ইজারা বিজ্ঞপ্তিতে অংশগ্রহণ না করে তার জায়গা ফেরত চেয়ে ১ম অতিরিক্ত সহকারী জজ আদালত, সদর, চট্টগ্রামে অপর মামলা নং ২৩/১৯৯০ দায়ের করেন এবং একতরফা রায় ডিগ্রীও পেয়ে যায়। তৎ রায় ডিগ্রীর বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে বিজ্ঞ জেলা জজ আদালত, চট্টগ্রামে অপর আপীল ২৯২/১৯৯১ নং মামলা দায়ের করা হয়। বর্তমানে মামলাটি স্বাক্ষ্য গ্রহনের শেষ পর্যায়ে রয়েছে। এই চলমান মামলাটিতে রায় পরিষদের বিরুদ্ধে গেলে পরিষদের অনেক ক্ষতি হয়ে যাবে। তাই বোয়ালখালী উপজেলা পরিষদের তথা সরকারি স্বার্থ রক্ষায় সরকারি পিপি এ্যাডভোকেট শিখা চক্রবর্তী-কে মামলার কাজে সার্বিক সহযোগিতা করার জন্য প্রধান সরকারি কৌশুলী (জিপি) মহোদয়ের সাথে পরামর্শক্রমে বিজ্ঞ এডভোকেট আহমদ সাইফুদ্দিন সিদ্দিকী, কক্ষ নং- ৪০২৭, আইনজীবী এনেক্স ভবন-২, কে বোয়ালখালী উপজেলা পরিষদের স্যারক নং- ১০/৭, তারিখ- ২৮/০২/২০২২ মূলে কৌসুলী নিযুক্ত করা হয়েছে (কপি সংর্যুক্ত)। বর্তমানে মামলাটি পরিচালনায় এ্যাডভোকেট ফি সহ আনুষাঙ্গিক বেশ কিছু খরচের প্রয়োজন রয়েছে। উপজেলা পরিষদের স্বার্থ সংশ্লিষ্ট মামলার ব্যয় বহনে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ড) অনুমোদন রয়েছে। এ বিষয়ে সভায় সকলের মতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করা হয়।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | | |

অদ্যকার এ সভা উপস্থিত সকল সদস্যদের সার্বিক সহযোগিতায় সাফল্যমন্ডিত হওয়ায় সকলকে ধন্যবাদ জানানো হয়। অতঃপর সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১/০৩/২০২২

মোঃ নুরুল আলম
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বোয়ালখালী, চট্টগ্রাম
ফোন নং ঃ ০২৩৩৪৪৫৭৫০৯
uzpboalkhali@gmail.com
তারিখ ঃ ৩১.০৩.২০২২খ্রি.

স্মারক নং ঃ উপঃপরিঃ/বোয়াল/চট্টঃ ২১- ২৬
অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে।

১. মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-০৭ ও ০৮।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (যুগ্ম সচিব), স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
জনাব.........................................................
সম্মানিত উপদেষ্টা/সদস্য, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

31.03.22

তাহমিনা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
বোয়ালখালী, চট্টগ্রাম।
ফোন নং ঃ ০৩০৩২-৫৬০৪৪
ফ্যাক্স নং ঃ ০৩০৩২-৫৬০০১
unoboalkhali@mopa.gov.bd